

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

নং-৫৮.০২.০০০০.০০৫.১৮.০১৬.২১-৪৯৬

০৯ ফাল্গুন, ১৪৩০  
তারিখঃ -----  
২৪ ফেব্রুয়ারি, ২০২৪

### অফিস আদেশ

অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধি ১৫(৩) অনুযায়ী বার, বিলাতিমদের অন শপ ও অফ শপকে আমদানিকৃত বিদেশিমদ, বিলাতিমদ ও মদজাতীয় পানীয় এর ব্রান্ড রেজিস্ট্রেশন গ্রহণ করার বিধান রয়েছে। উক্ত বিধিমালার তফসিল-২ এর ক্রমিক ১০-এ উল্লিখিত প্রতিটি ব্রান্ড বিলাতিমদের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও প্রতিটি ব্রান্ড বিদেশিমদের জন্য ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা ফি নির্ধারণ করা আছে। তবে লক্ষ্য করা যাচ্ছে যে, লাইসেন্স প্রাপ্ত বার, অন শপ ও অফ শপগুলো বিদেশিমদের ব্রান্ড রেজিস্ট্রেশন গ্রহণ করলেও বিলাতিমদের ক্ষেত্রে কোন ব্রান্ড রেজিস্ট্রেশন গ্রহণ করছে না। যার ফলে সরকার রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে।

০২। এমতাবস্থায়, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধি ১৫(৩) অনুযায়ী বার, অন শপ ও অফ শপকে বিলাতিমদের ব্রান্ড রেজিস্ট্রেশন গ্রহণ ও রাজস্ব আদায় নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

  
২৪/০২/২০২৪  
(মুহাম্মদ মনিরুল ইসলাম)  
পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-২২৬৬৬৪৪০২

Email: [diradmn@dnc.gov.bd](mailto:diradmn@dnc.gov.bd)

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃআঃ অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ]।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৪। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৫। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৭। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস কপি।